# বিকেবি বুলেটিন

জুন ২০২৪ প্রান্তিক

গবেষণা ও পরিসংখ্যান বিভাগ

বাংলাদেশ কৃষি ব্যাংক
গণমানুষের ব্যাংক

# সম্পাদকীয়

আবহমান বাংলার কৃষি ও কৃষকের অর্থ-সুহৃদ বাংলাদেশ কৃষি ব্যাংক স্বাধীনতা-উত্তর বাংলাদেশে এর প্রতিষ্ঠা লগ্ন থেকেই খাদ্য ঘাটতি হ্রাস ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষিঋণ বিতরণে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। দেশের মোট কৃষি ঋণের সিংহভাগই বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক বিতরণ করা হয়। বিগত বছরগুলোতে বাংলাদেশ কৃষি ব্যাংকের কার্যপরিধির বহুমুখী সম্প্রসারণ ঘটেছে। সময়াবদ্ধ ঋণ সহায়তা প্রদান করে কৃষি উৎপাদন বৃদ্ধির মাধ্যমে কৃষি ও কৃষকের সার্বিক উন্নতি সাধন, এসএমই ও কুটির শিল্প এবং কৃষিভিত্তিক অন্যান্য শিল্পের উন্নয়নে কৃষি ব্যাংকের ব্যাপক ভূমিকা রয়েছে। সমৃদ্ধ সুন্দর আগামীর বাংলাদেশ বিনির্মাণে দেশ জনতার স্বপ্ন সারথী বাংলাদেশ কৃষি ব্যাংক ১০৩৮টি শাখা এবং ৩ টি উপশাখা নিয়ে সকল মানুষের দোরগোড়ায় আধুনিক ও ব্যয় সাশ্রয়ী ব্যাংকিং সেবা পৌঁছে দিচ্ছে।

ব্যাংকের কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে বিভিন্ন ব্যবসায়িক লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন সংক্রান্ত ত্রৈমাসিক বুলেটিন নিয়মিতভাবে প্রকাশিত হয়। এই বুলেটিনের মাধ্যমে ব্যাংকের সার্বিক অর্জন সম্পর্কে সংক্ষেপে ধারণা পাওয়া যাবে। বুলেটিনটি প্রকাশের ব্যাপারে ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের আন্তরিকতা এবং উৎসাহের জন্য বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। ব্যবস্থাপনা কমিটির সম্মানিত সদস্যগণ এবং প্রবন্ধকগণকে জানাচ্ছি আন্তরিক অভিনন্দন।

পরিশেষে, বাংলাদেশ কৃষি ব্যাংকের অভিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে এবং আগামী দিনের জন্য পরিকল্পনা প্রণয়নসহ অন্যান্য অর্থবহ কার্যক্রমে মুদ্রিত তথ্য ব্যবহৃত হলে বুলেটিনটি প্রণয়ন সার্থক হবে।

**প্রধান পৃষ্ঠপোষক ঃ**

মোঃ শওকত আলী খান
ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**সম্পাদকীয় প্যানেল ঃ**

মোঃ নূরে আলম সিদ্দিকী
উপমহাব্যবস্থাপক

মোঃ এনামুল হোসেন
সহকারী মহাব্যবস্থাপক

মোঃ ইয়াহিয়া ভূঁইয়া
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

মোছাঃ মোহসিনা ফেরদৌসী
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

**পাদটীকা ঃ**

"ব্যাংকের ব্যবসায়িক খাতের অর্জনসমূহ সংকলণপূর্বক গবেষণা ও পরিসংখ্যান বিভাগ কর্তৃক ... প্রতি ত্রৈমাস অন্তে নিয়মিতভাবে এতদবিষয়ক বুলেটিন মুদ্রণপূর্বক সকল শাখা ও কার্যালয়ে বিতরণ নিশ্চিত করতে হবে" ... ।

বাংলাদেশ কৃষি ব্যাংকের নির্বাহী কমিটির ২৪-০৮-২০২২ তারিখে অনুষ্ঠিত ১২৭তম সভার বর্ণিত সিদ্ধান্ত মোতাবেক ব্যাংকের ২০২৩-২০২৪ অর্থবছরের বিভিন্ন ব্যবসায়িক লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন সংক্রান্ত তথ্য সংকলনপূর্বক জুন ২০২৪ ভিত্তিক ত্রৈমাসিক এই বুলেটিনটি প্রকাশ করা হলো। বুলেটিন প্রণয়নে তথ্য সরবরাহ করে সহযোগিতা করায় প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ, ঋণ আদায় বিভাগ, আন্তজার্তিক বাণিজ্য বিভাগ, ঋণ শ্রেণিবিন্যাস ও প্রজেক্ট মনিটরিং বিভাগ, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, জনসংযোগ ও প্রটোকল বিভাগ এবং ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগের প্রতি সম্পাদকীয় প্যানেলের পক্ষ হতে কৃতজ্ঞতা প্রকাশ করা হলো।

# এইচআরএমএস সফটওয়্যার ডেভেলপমেন্ট

ব্যাংকের দক্ষ জনবল ব্যবস্থাপনা, প্রয়োজন অনুযায়ী যথাযথ কর্মী নির্বাচন ও পদায়নসহ ব্যাংকের কর্মী সংক্রান্ত বিভিন্ন বিষয়ে ব্যাংক ব্যবস্থাপনাকে দ্রুত তথ্য সরবরাহ করার লক্ষ্যে বিদ্যমান জনবল ব্যবস্থাপনার অটোমেশন করা খুবই জরুরী। সেই লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধান ও নির্দেশনায় প্রধান কার্যালয়ের ম্যানপাওয়ার প্লানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ এর পরিকল্পনায় আইসিটি অপারেশন বিভাগ কর্তৃক "বিকেবি হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সিস্টেম (এইচআরএমএস)" সফটওয়্যারটি ডেভেলপ করা হয়েছে। সফটওয়্যারটি সম্পূর্ণরূপে বিকেবি'র নিজস্ব সক্ষমতায় ডেভেলপ করা হয়েছে। এর উন্নয়ন প্রক্রিয়া চলমান রয়েছে এবং ভবিষ্যতে চাহিদা মোতাবেক সফটওয়্যারটিতে কাস্টমাইজেশনের সুযোগ রাখা হয়েছে। প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর ইতোমধ্যে সফটওয়্যারটি চালু করা হয়েছে এবং বিকেবি'র সকল শাখা/কার্যালয়ে তা ব্যবহৃত হচ্ছে। সফটওয়্যারটি চালু করার পূর্বে ব্যাংকের সকল শাখা/কার্যালয় হতে কর্মরত সকল কর্মীর চাকরি সংক্রান্ত ও ব্যক্তিক তথ্যাদি দু'টি পর্যায়ে ডাটাবেজে অন্তর্ভূক্ত করা হয়েছে। কর্মীদের সরবরাহকৃত তথ্যাদি প্রধান কার্যালয়ের হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ ও মাঠ পর্যায়ের বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক যাচাই প্রক্রিয়া চলমান রয়েছে।

এইচআরএমএস সফটওয়্যারটি হতে বর্তমানে নিম্নোক্ত সুবিধা সমূহ পাওয়া যায়:

ক) কর্মী সংক্রান্ত বিষয়ে চাহিদা অনুযায়ী প্রায় সব ধরনের তথ্য পাওয়া যাচ্ছে বা স্টেটমেন্ট তৈরি করা যায়।

খ) কোন কর্মীর সমগ্র চাকরি জীবনের যাবতীয় তথ্য (Employee Profile) একসাথে দেখা যায়।

গ) কর্মীদের একাডেমিক ডিসিপ্লিন/শিক্ষা প্রতিষ্ঠান/প্রশিক্ষণ/পদবি ভিত্তিক তথ্য পাওয়া যায়।

ঘ) বর্তমান কর্মস্থলে কর্মীদের কর্মকাল জানা যাচ্ছে এবং বর্তমান কর্মস্থলে কোন কর্মীর কর্মকাল ০৩ বছরের অধিক হলে তা লাল রং এ চিহ্নিত অবস্থায় দেখা যায়।

ঙ) প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের বিভাগীয় কার্যালয়সমূহ হতে কর্মীদের বদলির আদেশ জেনারেট করা যায়।

চ) প্রয়োজনীয় তথ্য সরবরাহ সাপেক্ষে বদলিকৃত কর্মীদের ছাড়পত্র ও দায়িত্বভার হস্তান্তরপত্র তৈরী এবং বদলিকৃত কর্মস্থলে তার যোগদানপত্রের পৃষ্টাঙ্কন স্বয়ংক্রিয়ভাবে হচ্ছে এবং ডাটাবেজে সংশ্লিষ্ট কর্মীর কর্মস্থলগত তথ্য হালনাগাদ হয়।

ছ) বদলিকৃত কর্মী বর্তমান কর্মস্থল হতে ছাড়পত্র গ্রহণ করেছেন কিনা অথবা ছাড়পত্র গ্রহণের পর বদলিকৃত কর্মস্থলে যোগদান করেছেন কিনা তা মনিটর করা যায়।

জ) বিকেবি স্টাফ কলেজ কর্তৃক (প্রশিক্ষণ প্রদানকৃত) একটি ব্যাচের সকল কর্মীর সার্টিফিকেট এক ক্লিকে জেনারেট করা যায় এবং ডাটাবেজে প্রশিক্ষণটি সংশ্লিষ্ট কর্মীর প্রোফাইলে তাৎক্ষণিকভাবে সংযোজন করা যায়।

ঝ) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ ও মাঠ পর্যায়ে বিভাগীয় কার্যালয়সমূহে কর্মীদের বিভিন্ন ব্যক্তিক কার্যাদি সম্পাদনে সফটওয়্যারটি ব্যবহৃত হচ্ছে।

ঙ) তাছাড়াও কর্মীদের জেষ্ঠ্যতা তালিকা প্রস্তুত, সম্ভাব্য অবসরগমনকারী কর্মীদের তালিকা তৈরী, কর্মীদের ব্যাংকিং প্রফেশনাল ডিগ্রি, ব্লাড ব্যাংক, পরিবারের সদস্যদের তথ্য, নিজ জেলাসহ অন্যান্য তথ্যাদি সহজেই পাওয়া যাচ্ছে।

ব্যাংকের বিদ্যমান জনশক্তি ও নিয়োগের মাধ্যমে ক্রমবর্ধমান জনবলের সর্বোত্তম ব্যবস্থাপনা, সময়ের চাহিদা ও জনবলের টেকসই ব্যবহার নিশ্চিতকরণে এইচআরএমএস সফটওয়্যারটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। একটি পূর্ণাঙ্গ ডাটাবেজ ব্যতীত বিকেবি'র মত বড় প্রতিষ্ঠানে বিপুল সংখ্যক কর্মীর দক্ষ ব্যবস্থাপনা করা খুবই কঠিন। এইচআরএমএস সফটওয়্যারটি ডাটাবেজের মাধ্যমে ব্যাংকের জনশক্তি ব্যবস্থাপনার প্রথম ধাপ। সময়ের পরিক্রমায় এবং সফটওয়্যারটির উত্তোরোত্তর উন্নয়ন কর্মী সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় নতুন চাহিদা মিটিয়ে ব্যাংকের জনশক্তি ব্যবস্থাপনা ও কর্মীদের ব্যক্তিক কার্যাদি সম্পাদনে অপরিহার্য হয়ে উঠবে।




এইচআরএমএস সফটওয়্যার ডেভেলপমেন্ট টিমের সদস্যবৃন্দ : (বাম দিক থেকে) জনাব মোঃ আহসান হাবীব, সিস্টেম এনালিস্ট, আইসিটি অপারেশন বিভাগ (সফটওয়্যার টেস্টার); জনাব মোহাম্মদ এনামুল হক, উপমহাব্যবস্থাপক, ম্যানপাওয়ার প্লানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ (প্রজেক্ট ম্যানেজার); জনাব নারায়ন চন্দ্র অধিকারী, ঊর্ধ্বতন কর্মকর্তা (আইসিটি), আইসিটি অপারেশন বিভাগ (সফটওয়্যার ডেভেলপার); এবং জনাব শেখ মোঃ রকি, এ্যাসিস্টেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ।

## ২০২৩-২০২৪ অর্থ বছরের ব্যবসায়িক লক্ষ্যমাত্রার বিপরীতে ৩০ জুন ২০২৪ ভিত্তিক অর্জন প্রতিবেদন

১। আমানত সংগ্রহ ঃ ব্যাংকের আর্থিক সচ্ছলতা ও মজবুত তহবিল ভিত্তি গঠনের প্রধান অবলম্বনই হচ্ছে আমানত। ব্যাংকের বিনিয়োগ কার্যক্রমের স্বাভাবিক গতিধারা অব্যাহত রাখা এবং ব্যাংকের আমানতের ভিত্তি সুদৃঢ় করার জন্য আমানতের প্রবৃদ্ধি অর্জন অপরিহার্য। বাংলাদেশ কৃষি ব্যাংকের বিগত কয়েকটি ত্রৈমাসিকের বার্ষিক লক্ষ্যমাত্রা, অর্জন ও বিভিন্ন ত্রৈমাসিকের সাথে অর্জনের তুলনামূলক চিত্র নিম্নে উপস্থাপন করা হলো ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জনের হার |
|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ১০০০০.০০ | -১৯২.৫৭ | -১৯২.৫৭ | -২% |
| ডিসেম্বর ২০২২ | ১০০০০.০০ | -২৭.৬৩ | -২২০.২০ | -২% |
| মার্চ ২০২৩ | ১০০০০.০০ | ২৯৯.৩২ | ৭৯.১২ | ১% |
| জুন ২০২৩ | ১০০০০.০০ | ২১১০.৪৯ | ২১৮৯.৬১ | ২২% |
| সেপ্টেম্বর ২০২৩ | ১২০০০.০০ | ৮০৯.৪৩ | ৮০৯.৪৩ | ৭% |
| ডিসেম্বর ২০২৩ | ১২০০০.০০ | ১৬৩৩.৩৩ | ২৪৪২.৭৬ | ২০% |
| মার্চ ২০২৪ | ১২০০০.০০ | ১০৬.৭৪ | ২৫৪৯.৫০ | ২১% |
| জুন ২০২৪ | ১২০০০.০০ | ২০৬৫.৫৮ | ৪৬১৫.০৮ | ৩৮% |





উপরোক্ত তথ্য হতে দেখা যায় যে, ২০২৩-২০২৪ অর্থবছরের আমানত সংগ্রহের বার্ষিক লক্ষ্যমাত্রা ১২০০০.০০ কোটি টাকা এবং জুন ২০২৪ ত্রৈমাসে অর্জন ২০৬৫.৫৮ কোটি টাকাসহ জুন ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ৪৬১৫.০৮ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ৩৮%। জুন ২০২৪ পর্যন্ত অর্জিত ৪৬১৫.০৮ কোটি টাকার মধ্যে চলতি আমানত ৭০.৪২ কোটি টাকা, সঞ্চয়ী ও এসএনডি আমানত ৮৭৪.৯৬ কোটি টাকা, মেয়াদি আমানত ৩৭৩০.৩২ কোটি টাকা অর্জিত হয়েছে এবং অন্যান্য আমানতের ক্ষেত্রে ৬০.৬২ কোটি টাকা হ্রাস পেয়েছে।

১। খ) আমানত স্থিতি ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রমপুঞ্জিভূত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভূত অর্জনের হার |
|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ৪৮০০০.০০ | -২৩০.৬২ | ৩৭৮৫৫.৫৪ | ৭৯% |
| ডিসেম্বর ২০২২ | ৪৮০০০.০০ | -২৭.৬৩ | ৩৭৮২৭.৯১ | ৭৯% |
| মার্চ ২০২৩ | ৪৮০০০.০০ | ২৯৯.৩২ | ৩৮১২৭.২৩ | ৭৯% |
| জুন ২০২৩ | ৪৮০০০.০০ | ২৪৪৫.৭০ | ৪০৫৭২.৯৩ | ৮৫% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৫২৫০০.০০ | ৮০৯.৪৩ | ৪১৩৮২.৩৬ | ৭৯% |
| ডিসেম্বর ২০২৩ | ৫২৫০০.০০ | ১৩৮৬.৯৭ | ৪২৭৬৯.৩৩ | ৮১% |
| মার্চ ২০২৪ | ৫২৫০০.০০ | ১১২.২২ | ৪২৮৮১.৫৫ | ৮২% |
| জুন ২০২৪ | ৫২৫০০.০০ | ২৩০৬.৪৭ | ৪৫১৮৮.০২ | ৮৬% |





২০২৩-২০২৪ অর্থবছরে বার্ষিক আমানত স্থিতির লক্ষ্যমাত্রা ৫২৫০০.০০ (বায়ান্ন হাজার পাঁচশত) কোটি টাকার বিপরীতে জুন ২০২৪ পর্যন্ত মোট অর্জন ৪৫১৮৮.০২ কোটি টাকা। অর্থবছরের শেষ ত্রৈমাসের অর্জন পূর্ববর্তী ত্রৈমাসের চেয়ে ২৩০৬.৪৭ কোটি টাকা বেশি। আমানত স্থিতির লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ৪৫১৮৮.০২ কোটি টাকার মধ্যে উচ্চ সুদব্যয়ী আমানতের পরিমাণ ৩১৯৫৭.৮৫ কোটি টাকা, উচ্চ সুদব্যয়ী আমানতের হার ৭০.৭২%।

২। নতুন আমানত হিসাব খোলা ঃ

(প্রকৃত সংখ্যায়)


| প্রতিবেদনাধীন ত্রৈমাস | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জনের হার |
|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ৫০০০০০ | ৮২৫৬৪ | ৮২৫৬৪ | ১৭% |
| ডিসেম্বর ২০২২ | ৫০০০০০ | ১১৩২২২ | ১৯৫৭৮৬ | ৩৯% |
| মার্চ ২০২৩ | ৫০০০০০ | ১২০৯০৫ | ৩১৬৬৯১ | ৬৩% |
| জুন ২০২৩ | ৫০০০০০ | ১৩১৪২৪ | ৪৪৮১১৫ | ৯০% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৯০০০০০ | ১১৫২০৭ | ১১৫২০৭ | ১৩% |
| ডিসেম্বর ২০২৩ | ৯০০০০০ | ২৬৬৩৪৬ | ৩৮১৫৫৩ | ৪২% |
| মার্চ ২০২৪ | ৯০০০০০ | ১৫৬৮৪১ | ৫৩৮৩৯৪ | ৬০% |
| জুন ২০২৪ | ৯০০০০০ | ২২০২৭১ | ৭৫৮৬৬৫ | ৮৪% |



উপরোক্ত তথ্য হতে দেখা যায় যে, ২০২৩-২০২৪ অর্থবছরে নতুন আমানত হিসাব খোলার বার্ষিক লক্ষ্যমাত্রা (৯০০০০০) এর বিপরীতে জুন ২০২৪ ত্রৈমাস শেষে অর্জন (৭৫৮৬৬৫) টি, অর্জনের হার ৮৪%। গত অর্থবছরের একই সময়ের তুলনায় ৮৮৮৪৭ টি আমানত হিসাব বেশি খোলা হয়েছে।

৩। ক) মোট ঋণ বিতরণ ঃ (কোটি টাকায়)


| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভূত অর্জনের হার |
|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ১৭৫০০.০০ | ২৩৫৪.১৮ | ২৩৫৪.১৮ | ১৩% |
| ডিসেম্বর ২০২২ | ১৭৫০০.০০ | ৪২৫৯.০৬ | ৬৬১৩.২৪ | ৩৮% |
| মার্চ ২০২৩ | ১৭৫০০.০০ | ৩৫১২.৬৯ | ১০১২৫.৯৩ | ৫৮% |
| জুন ২০২৩ | ১৭৫০০.০০ | ৩২৯২.৬৫ | ১৩৪১৮.৫৮ | ৭৭% |
| সেপ্টেম্বর ২০২৩ | ২২২০০.০০ | ২৭৬৫.৯৫ | ২৭৬৫.৯৫ | ১২% |
| ডিসেম্বর ২০২৩ | ২২২০০.০০ | ৫১১২.৩২ | ৭৮৭৮.২৭ | ৩৫% |
| মার্চ ২০২৪ | ২২২০০.০০ | ৩০৩২.৫৪ | ১০৯১০.৮১ | ৪৯% |
| জুন ২০২৪ | ২২২০০.০০ | ৫৩০৪.১৪ | ১৬২১৪.৯৫ | ৭৩% |




ঋণ বিতরণ ঃ কৃষি প্রধান বাংলাদেশের অর্থনীতিতে কৃষি খাতের গুরুত্ব ও ভূমিকা অপরিসীম। দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য ঘাটতি হ্রাস ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য কৃষি খাতকে অগ্রাধিকার দিতে হবে। দেশের খাদ্যশস্য উৎপাদনে কৃষকদের আর্থিক সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের ভূমিকা সবচেয়ে বেশি। সে লক্ষ্যকে সামনে রেখে প্রতি বছরের ন্যায় ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য ঋণ বিতরণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

৩। খ) কৃষি ঋণ বিতরণ ঃ (কোটি টাকায়)


| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভূত অর্জনের হার | মোট অর্জনে শতকরা অংশ |
|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ১০৩০০.০০ | ১৪৩৩.২০ | ১৪৩৩.২০ | ১৪% | ৬১% |
| ডিসেম্বর ২০২২ | ১০৩০০.০০ | ২৫৩৭.৩০ | ৩৯৭০.৫০ | ৩৯% | ৬০% |
| মার্চ ২০২৩ | ১০৩০০.০০ | ২১২১.৫৯ | ৬০৯২.০৯ | ৫৯% | ৬০% |
| জুন ২০২৩ | ১০৩০০.০০ | ২০৯৭.১৯ | ৮১৮৯.২৮ | ৮০% | ৬১% |
| সেপ্টেম্বর ২০২৩ | ১১০০০.০০ | ১৭৯২.৬২ | ১৭৯২.৬২ | ১৬% | ৬৫% |
| ডিসেম্বর ২০২৩ | ১১০০০.০০ | ২৮২৬.৯১ | ৪৬১৯.৫৩ | ৪২% | ৫৯% |
| মার্চ ২০২৪ | ১১০০০.০০ | ১৮৮৬.৬৩ | ৬৫০৬.১৬ | ৫৯% | ৬০% |
| জুন ২০২৪ | ১১০০০.০০ | ২৩৮৮.০৫ | ৮৮৯৪.২১ | ৮১% | ৫৫% |




কৃষিঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১১০০০.০০ (এগারো হাজার) কোটি টাকা, যার মধ্যে শস্য (বর্গাচাষী ব্যতীত) ৫৯০০.০ কোটি টাকা,) শস্য (বর্গাচাষী) ৭০০.০০ কোটি টাকা, মৎস্য ১৩৫০.০০ কোটি টাকা, প্রাণিসম্পদ ১৩৫০.০০ কোটি টাকা, সেচ যন্ত্রপাতি ৬০.০০ কোটি টাকা, কৃষি যন্ত্রপাতি ১০০.০০ কোটি টাকা, বীজ উৎপাদন ৫০.০০ কোটি টাকা, শস্যগুদামজাত ও বাজারজাতকরণ ৪০.০০ কোটি টাকা, দারিদ্র বিমোচন ২৫০.০০ কোটি টাকা, অন্যান্য ১২০০.০০ কোটি টাকা। জুন ২০২৪ ত্রৈমাসে অর্জন ২৩৮৮.০৫ কোটি টাকাসহ জুন ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ৮৮৯৪.২১ কোটি টাকা (৮১%)। অর্থবছরের শেষ ত্রৈমাসের অর্জন পূর্ববর্তী ত্রৈমাস অপেক্ষা ৫০১.৪২ কোটি টাকা বেশি।

৩। গ) সিএসএমই ঋণ বিতরণ ঃ (কোটি টাকায়)


| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভূত অর্জনের হার | মোট অর্জনে শতকরা অংশ |
|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ৫০০০.০০ | ৬০২.৫৬ | ৬০২.৫৬ | ১২% | ২৬% |
| ডিসেম্বর ২০২২ | ৫০০০.০০ | ১০৫৫.৩৯ | ১৬৫৭.৯৫ | ৩৩% | ২৫% |
| মার্চ ২০২৩ | ৫০০০.০০ | ৮১৩.৫৮ | ২৪৭১.৫৩ | ৪৯% | ২৪% |
| জুন ২০২৩ | ৫০০০.০০ | ৯৯৫.৪৯ | ৩৪৬৭.০২ | ৬৯% | ২৬% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৮০০০.০০ | ৮৪৪.১১ | ৮৪৪.১১ | ১১% | ৩১% |
| ডিসেম্বর ২০২৩ | ৮০০০.০০ | ১৫৬৫.৭৬ | ২৪০৯.৮৭ | ৩০% | ৩১% |
| মার্চ ২০২৪ | ৮০০০.০০ | ৯৭৫.৪৬ | ৩৩৮৫.৩৩ | ৪২% | ৩১% |
| জুন ২০২৪ | ৮০০০.০০ | ১৩৪৯.৪৫ | ৪৭৩৪.৭৮ | ৫৯% | ২৯% |



বাংলাদেশের মতো একটি উন্নয়নশীল দেশের সার্বিক অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) খাতের গুরুত্ব উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এছাড়া সাম্প্রতিককালে করোনা ভাইরাসের (কোভিড-১৯) প্রাদুর্ভাবের ফলে সম্ভাব্য অর্থনৈতিক ক্ষতি পুষিয়ে নেয়া, শ্রমিকদের কাজে বহাল রাখা, অর্থনৈতিক প্রবৃদ্ধি ধরে রাখা তথা অর্থনীতি পুনরুজ্জীবিতকরণের লক্ষ্যে সিএসএমই  অন্যতম গুরুত্বপূর্ণ খাত। ২০২৩-২০২৪ অর্থবছরে ব্যাংকের সিএসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৮০০০.০০ কোটি টাকার মধ্যে জুন ২০২৪ ত্রৈমাসে অর্জন ১৩৪৯.৪৫ কোটি টাকাসহ জুন ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ৪৭৩৪.৭৮ কোটি টাকা, অর্জনের হার ৫৯%। অর্থবছরের শেষ ত্রৈমাসের অর্জন পূর্ববর্তী ত্রৈমাস অপেক্ষা ৩৭৩.৯৯ কোটি টাকা বেশি।

৩। ঘ) কৃষিভিত্তিকশিল্প/প্রকল্পঋণ ঃ (কোটি টাকায়)


| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন (বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার | মোট অর্জনে শতকরা অংশ |
|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ১২০০.০০ | ১২৬.১৮ | ১২৬.১৮ | ১১% | ৫% |
| ডিসেম্বর ২০২২ | ১২০০.০০ | ১৭৪.২৯ | ৩০০.৪৭ | ২৫% | ৫% |
| মার্চ ২০২৩ | ১২০০.০০ | ৬০.৯৮ | ৩৬১.৪৫ | ৩০% | ৪% |
| জুন ২০২৩ | ১২০০.০০ | ৬০.৫৭ | ৪২২.০২ | ৩৫% | ৩% |
| সেপ্টেম্বর ২০২৩ | ২০০০.০০ | ৫.৫২ | ৫.৫২ | ০.৩% | ০.২% |
| ডিসেম্বর ২০২৩ | ২০০০.০০ | ৪০২.৪৮ | ৪০৮.০০ | ৩৪% | ৫% |
| মার্চ ২০২৪ | ২০০০.০০ | ১০.২৬ | ৪১৮.২৬ | ৩৫% | ৪% |
| জুন ২০২৪ | ২০০০.০০ | ৫৫৯.২১ | ৯৭৭.৪৭ | ৮১% | ৬% |




সাম্প্রতিক বছরগুলোতে কৃষির যান্ত্রিকীকরণ ও আধুনিকায়নের ফলে বিজ্ঞানভিত্তিক চাষাবাদের জন্য আধুনিক যন্ত্রপাতি তৈরী ও বাজারজাতকরণ,  কৃষিভিত্তিক পণ্য প্রক্রিয়াকরণ শিল্প, সমন্বিত কৃষি প্রকল্পসহ  কৃষিভিত্তিক  শিল্প/প্রকল্প খাতে ঋণের চাহিদা ব্যাপকহারে বৃদ্ধি পাচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য কৃষিভিত্তিকশিল্প ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১২০০.০০ কোটি টাকার মধ্যে জুন ২০২৪ ত্রৈমাসে অর্জন ৫৫৯.২১ কোটি টাকা। জুন ২০২৪ শেষে পুঞ্জিভুত অর্জন ৯৭৭.৪৭ কোটি টাকা অর্থবছরের শেষ ত্রৈমাসের অর্জন পূর্ববর্তী ত্রৈমাস অপেক্ষা ৫৪৮.৯৫ কোটি টাকা বেশি।

৪। নতুন ঋণগ্রহীতার সংখ্যা বৃদ্ধি ঃ (জুন ২০২৪)


| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ৩৮০০০০ | ৩৩১৭২ | ৩৩১৭২ | ৯% |
| ডিসেম্বর ২০২২ | ৩৮০০০০ | ৫৫৭১২ | ৮৮৮৮৪ | ২৩% |
| মার্চ ২০২৩ | ৩৮০০০০ | ৫২৪৪৬ | ১৪১৩৩০ | ৩৭% |
| জুন ২০২৩ | ৩৮০০০০ | ৪৪৪৯৬ | ১৮৫৮২৬ | ৪৯% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৪০০০০০ | ৪৬৭৩৫ | ৪৬৭৩৫ | ১২% |
| ডিসেম্বর ২০২৩ | ৪০০০০০ | ১৯১৩৫৫ | ২৩৮০৯০ | ৬০% |
| মার্চ ২০২৪ | ৪০০০০০ | -৭৭৪২৩ | ১৬০৬৬৭ | ৪০% |
| জুন ২০২৪ | ৪০০০০০ | ৫১৪০৪ | ২১২০৭১ | ৫৩% |




২০২৩-২০২৪ অর্থবছরে ব্যাংকের নতুন ঋণগ্রহীতার সংখ্যা বৃদ্ধির লক্ষ্যমাত্রা ৪০০০০০ জন। জুন ২০২৪ ত্রৈমাসে ৫১৪০৪ জনসহ জুন ২০২৪ শেষে মোট ঋণগ্রহীতার সংখ্যা বৃদ্ধি পেয়েছে ২১২০৭১ জন। অর্জনের হার ৫৩%।


৫। মোট ঋণ আদায় ঃ (কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ১৫২১২.৯০ | ১৯৯৯.৮৮ | ১৯৯৯.৮৮ | ১৩% |
| ডিসেম্বর ২০২২ | ১৫২১২.৯০ | ৪১৬২.০২ | ৬১৬১.৯০ | ৪১% |
| মার্চ ২০২৩ | ১৫২১২.৯০ | ২৩৩৫.৯৫ | ৮৪৯৭.৮৫ | ৫৬% |
| জুন ২০২৩ | ১৫২১২.৯০ | ৩১৮৭.২১ | ১১৬৮৫.০৬ | ৭৭% |
| সেপ্টেম্বর ২০২৩ | ১৫৬৯৯.৪২ | ২২৫৪.০৯ | ২২৫৪.০৯ | ১৪% |
| ডিসেম্বর ২০২৩ | ১৫৬৯৯.৪২ | ৪৬৮০.০২ | ৬৯৩৪.১১ | ৪৪% |
| মার্চ ২০২৪ | ১৫৬৯৯.৪২ | ২১৬৪.০৯ | ৯০৯৮.২০ | ৫৮% |
| জুন ২০২৪ | ১৫৬৯৯.৪২ | ২৭৩৫.৭০ | ১১৮৩৩.৯০ | ৭৫% |



৫। ক) শ্রেণীকৃত ঋণ হতে আদায় ঃ (কোটি টাকায়)


| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন (বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার | মোট অর্জনে শতকরা অংশ |
|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ১০০০.০০ | ৭৮.৩৬ | ৭৮.৩৬ | ৮% | ৪% |
| ডিসেম্বর ২০২২ | ১০০০.০০ | ৯৬.৫৮ | ১৭৪.৯৪ | ১৭% | ৩% |
| মার্চ ২০২৩ | ১০০০.০০ | ১৯২.৬৪ | ৩৬৭.৫৮ | ৩৭% | ৪% |
| জুন ২০২৩ | ১০০০.০০ | ১৪৩.৮৭ | ৫১১.৪৫ | ৫১% | ৪% |
| সেপ্টেম্বর ২০২৩ | ১৬০০.০০ | ৯৫.৭৫ | ৯৫.৭৫ | ৬% | ৪% |
| ডিসেম্বর ২০২৩ | ১৬০০.০০ | ১২৮.৬৬ | ২২৪.৪১ | ১৪% | ৩% |
| মার্চ ২০২৪ | ১৬০০.০০ | ১৪১.৩৪ | ৩৬৫.৭৫ | ২৩% | ৪% |
| জুন ২০২৪ | ১৬০০.০০ | ৩২৩.৬৬ | ৬৮৯.৪১ | ৪৩% | ৬% |




২০২৩-২০২৪ অর্থবছরে মোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১৫৬৯৯.৪২ কোটি টাকা এবং শ্রেণিকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১৬০০.০০ কোটি টাকার বিপরীতে জুন ২০২৪ ত্রৈমাসে অর্জন ৩২৩.৬৬ কোটি টাকা। জুন ২০২৪ শেষে পুঞ্জিভুত অর্জন ৬৮৯.৪১ কোটি টাকা। অর্থবছরের শেষ ত্রৈমাসের অর্জন পূর্ববর্তী ত্রৈমাস অপেক্ষা ১৮২.৩২ কোটি টাকা বেশি।

৫। খ) শ্রেণীকৃত ঋণ ব্যতীত আদায় ঃ (কোটি টাকায়)


| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার | মোট অর্জনে শতকরা অংশ |
|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ১৪২১২.৯০ | ১৯২১.৫২ | ১৯২১.৫২ | ১৪% | ৯৬% |
| ডিসেম্বর ২০২২ | ১৪২১২.৯০ | ৪০৬৫.৪৪ | ৫৯৮৬.৯৬ | ৪২% | ৯৭% |
| মার্চ ২০২৩ | ১৪২১২.৯০ | ২১৪৩.৩১ | ৮১৩০.২৭ | ৫৭% | ৯৬% |
| জুন ২০২৩ | ১৪২১২.৯০ | ৩০৪৩.৩৪ | ১১১৭৩.৬১ | ৭৯% | ৯৬% |
| সেপ্টেম্বর ২০২৩ | ১৪০৯৯.৪২ | ২১৫৮.৩৪ | ২১৫৮.৩৪ | ১৫% | ৯৬% |
| ডিসেম্বর ২০২৩ | ১৪০৯৯.৪২ | ৪৫৫১.৩৬ | ৬৭০৯.৭০ | ৪৮% | ৯৭% |
| মার্চ ২০২৪ | ১৪০৯৯.৪২ | ২০২২.৭৫ | ৮৭৩২.৪৫ | ৬২% | ৯৬% |
| জুন ২০২৪ | ১৪০৯৯.৪২ | ২৪১২.০৪ | ১১১৪৪.৪৯ | ৭৯% | ৯৪% |




২০২৩-২০২৪ অর্থবছরে মোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১৫৬৯৯.৪২ কোটি টাকা এবং শ্রেণিকৃত ঋণ ব্যতীত আদায়ের লক্ষ্যমাত্রা ১৪০৯৯.৪২ কোটি টাকার বিপরীতে জুন ২০২৪ ত্রৈমাসে অর্জন ২৪১২.০৪ কোটি টাকাসহ জুন ২০২৪ শেষে পুঞ্জিভুত অর্জন ১১১৪৪.৪৯ কোটি টাকা। অর্থবছরের শেষ ত্রৈমাসের অর্জন পূর্ববর্তী ত্রৈমাস অপেক্ষা ৩৮৯.২৯ কোটি টাকা বেশি ।

৬। ঋণস্থিতি ঃ (কোটি টাকায়)


| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | পুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ৩৩০০০.০০ | -২৬৩.৪২ | ২৭৬২৭.১৮ | ৮৪% |
| ডিসেম্বর ২০২২ | ৩৩০০০.০০ | ৯৬৪.৫৭ | ২৮৫৯১.৭৫ | ৮৭% |
| মার্চ ২০২৩ | ৩৩০০০.০০ | ২৩৫.৭২ | ২৮৮২৭.৪৭ | ৮৭% |
| জুন ২০২৩ | ৩৩০০০.০০ | ১৩৯৮.৪৭ | ৩০২২৫.৯৪ | ৯২% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৪১২০০.০০ | ১২২.৯৮ | ৩০৩৪৮.৯২ | ৭৪% |
| ডিসেম্বর ২০২৩ | ৪১২০০.০০ | ১১৩৮.২৮ | ৩১৪৮৭.২০ | ৭৬% |
| মার্চ ২০২৪ | ৪১২০০.০০ | -৯.২৯ | ৩১৪৭৭.৯১ | ৭৬% |
| জুন ২০২৪ | ৪১২০০.০০ | ২৫৬৭.৮৫ | ৩৪০৪৫.৭৬ | ৮৩% |




ঋণস্থিতি ও ঋণস্থিতি বৃদ্ধি ঃ ৩০-০৬-২০২৩ ইং তারিখে ব্যাংকের মোট ঋণস্থিতি ৩৩০০০.০০ কোটি টাকা থেকে বৃদ্ধি করে ৩০-০৬-২০২৪ ইং তারিখে ৪১২০০.০০ কোটি টাকা ঋণস্থিতির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। জুন ২০২৪ ত্রৈমাসে অর্জন ২৫৬৭.৮৫ কোটি টাকাসহ জুন ২০২৪ শেষে পুঞ্জিভুত অর্জন ৩৪০৪৫.৭৬ কোটি টাকা, লক্ষ্যমাত্রার ৮৩% অর্জিত হয়েছে।

৭। শ্রেণিকৃত ঋণস্থিতি ঃ (কোটি টাকায়)


| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | শ্রেণিকৃত ঋণস্থিতির বার্ষিক লক্ষ্যমাত্রা | প্রকৃত শ্রেণিকৃত ঋণস্থিতি | অর্জন কম/বেশি |
|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ১৬০০.০০ | ২৫৪৭.২৯ | -৯৪৭.২৯ |
| ডিসেম্বর ২০২২ | ১৬০০.০০ | ২৪৪৩.৪০ | -৮৪৩.৪০ |
| মার্চ ২০২৩ | ১৬০০.০০ | ৩০১৬.৭৫ | -১৪১৬.৭৫ |
| জুন ২০২৩ | ১৬০০.০০ | ২৮৮৩.৪৫ | -১২৮৩.৪৫ |
| সেপ্টেম্বর ২০২৩ | ১৫৮৮.২২ | ৩০৯২.৫১ | -১৫০৪.২৯ |
| ডিসেম্বর ২০২৩ | ১৫৮৮.২২ | ৩৯৮০.২৯ | -২৩৯২.০৭ |
| মার্চ ২০২৪ | ১৫৮৮.২২ | ৩৮৩৯.০১ | -২২৫০.৭৯ |
| জুন ২০২৪ | ১৫৮৮.২২ | ৪৩২৯.৭২ | -২৭৪১.৫০ |




৩০-০৬-২০২৪ ইং তারিখভিত্তিক ব্যাংকের শ্রেণিকৃত ঋণস্থিতি সহনীয় পর্যায়ে নামিয়ে আনার লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য শ্রেণিকৃত ঋণ স্থিতির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১৫৮৮.২২ কোটি টাকা। ৩০-০৬-২০২৪ তারিখভিত্তিক শ্রেণিকৃত ঋণস্থিতি ৪৩২৯.৭২ কোটি টাকা (২৭৩%) যা গত ত্রৈমাস অপেক্ষা ৪৯০.৭১ কোটি টাকা বেশি অর্থাৎ শ্রেণিকৃত ঋণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। শ্রেণিকৃত ঋণের পরিমাণ ও হারহ্রাসকরণের জন্য শ্রেণিকৃত ঋণ আদায়, ঋণ পুনঃতফসিল, নবায়ন, সুদ মওকুফ, ঋণ অবলোপন এবং নতুনভাবে শ্রেণিকৃত হওয়া রোধ করার জন্য শ্রেণিযোগ্য ঋণ সুদসহ সম্পূর্ণ আদায় অপরিহার্য।

৮। বৈদেশিক রেমিট্যান্স (BEFTN ও RTGS ব্যতীত) ঃ (কোটি টাকায়)


| প্রতিবেদনাধীন ত্রৈমাস | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন (বার্ষিক) | ক্রম পুঞ্জিভূত অর্জনের হার |
|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ৫০০০.০০ | ৮৪৬.৫৬ | ৮৪৬.৫৬ | ১৭% |
| ডিসেম্বর ২০২২ | ৫০০০.০০ | ১০১০.৬৪ | ১৮৫৭.২০ | ৩৭% |
| মার্চ ২০২৩ | ৫০০০.০০ | ১৫০৬.৩১ | ৩৩৬৩.৫১ | ৬৭% |
| জুন ২০২৩ | ৫০০০.০০ | ২৫৬০.১৯ | ৫৯২৩.৭০ | ১১৮% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৮০০০.০০ | ১৪৮৯.৬৫ | ১৪৮৯.৬৫ | ১৯% |
| ডিসেম্বর ২০২৩ | ৮০০০.০০ | ২২০৬.৪৯ | ৩৬৯৬.১৪ | ৪৬% |
| মার্চ ২০২৪ | ৮০০০.০০ | ২২১২.১৫ | ৫৯০৮.২৯ | ৭৪% |
| জুন ২০২৪ | ৮০০০.০০ | ১৮৭৭.৪৪ | ৭৭৮৫.৭৩ | ৯৭% |




২০২৩-২০২৪ অর্থবছরে বৈদেশিক রেমিট্যান্স এর বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে জুন ২০২৪ ত্রৈমাসে অর্জন ১৮৭৭.৪৪ কোটি টাকাসহ জুন ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ৭৭৮৫.৭৩ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার বিপরীতে ৯৭% এবং গত অর্থবছর একই সময় হতে ১৮৬২.০৩ কোটি টাকা বেশি। ২০২৩-২০২৪ অর্থবছরে বৈদেশিক রেমিট্যান্স আহরণে দেশের শীর্ষ ব্যাংকগুলোর মধ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক ১০ম অবস্থান অর্জন করেছে।

০৯। আমদানি ব্যবসা ঃ (কোটি টাকায়)


| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভূত অর্জনের হার |
|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ২৫০০.০০ | ৫১৯.২২ | ৫১৯.২২ | ২১% |
| ডিসেম্বর ২০২২ | ২৫০০.০০ | ১৫৩৬.৩৫ | ২০৫৫.৫৭ | ৮২% |
| মার্চ ২০২৩ | ২৫০০.০০ | ১০৫১.৬০ | ৩১০৭.১৭ | ১২৪% |
| জুন ২০২৩ | ২৫০০.০০ | ২৪২৮.৪২ | ৫৫৩৫.৫৯ | ২২১% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৮০০০.০০ | ১৫৮৮.৮৬ | ১৫৮৮.৮৬ | ২০% |
| ডিসেম্বর ২০২৩ | ৮০০০.০০ | ৩০৬০.০০ | ৪৬৪৮.৮৬ | ৫৮% |
| মার্চ ২০২৪ | ৮০০০.০০ | ২৫৭১.৩৯ | ৭২২০.২৫ | ৯০% |
| জুন ২০২৪ | ৮০০০.০০ | ৮৩৫.২৩ | ৮০৫৫.৪৮ | ১০১% |



২০২৩-২০২৪ অর্থবছরে আমদানি ব্যবসার লক্ষ্যমাত্রা ৮০০০.০০ কোটি টাকা এবং জুন ২০২৪ ত্রৈমাসে অর্জন ৮৩৫.২৩ কোটি টাকাসহ জুন ২০২৪ শেষে পুঞ্জিভুত অর্জন ৮০৫৫.৪৮ কোটি টাকা এবং অর্জনের হার ১০১%। জুন ২০২৪ ত্রৈমাসিকের অর্জন গত ত্রৈমাস অপেক্ষা ১৭৩৬.১৬ কোটি টাকা কম ।

১০। রপ্তানি ব্যবসা ঃ (কোটি টাকায়)


| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ১৫০০.০০ | ২৩৭.১৮ | ২৩৭.১৮ | ১৬% |
| ডিসেম্বর ২০২২ | ১৫০০.০০ | ২৫২.৮০ | ৪৮৯.৯৮ | ৩৩% |
| মার্চ ২০২৩ | ১৫০০.০০ | ২৪৮.১১ | ৭৩৮.০৯ | ৪৯% |
| জুন ২০২৩ | ১৫০০.০০ | ২৪০.৫০ | ৯৭৮.৫৯ | ৬৫% |
| সেপ্টেম্বর ২০২৩ | ২০০০.০০ | ২৫১.৮৬ | ২৫১.৮৬ | ১৩% |
| ডিসেম্বর ২০২৩ | ২০০০.০০ | ৩১২.৫৫ | ৫৬৪.৪১ | ২৮% |
| মার্চ ২০২৪ | ২০০০.০০ | ২৬২.২৫ | ৮২৬.৬৬ | ৪১% |
| জুন ২০২৪ | ২০০০.০০ | ২৫০.৯১ | ১০৭৭.৫৭ | ৫৪% |




২০২৩-২০২৪ অর্থবছরে রপ্তানি ব্যবসার লক্ষ্যমাত্রা ২০০০.০০ কোটি টাকা, জুন ২০২৪ ত্রৈমাসে অর্জন ২৫০.৯১ কোটি টাকাসহ জুন ২০২৪ শেষে পুঞ্জিভুত অর্জন ১০৭৭.৫৭ কোটি টাকা। অর্জনের হার ৫৪%। জুন ২০২৪ ত্রৈমাসিকের অর্জন গত ত্রৈমাস অপেক্ষা ১১.৩৪ কোটি টাকা কম ।

১১। অবলোপনকৃত ঋণ আদায় ঃ (কোটি টাকায়)


| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ৫০.০০ | ১.৩৯ | ১.৩৯ | ৩% |
| ডিসেম্বর ২০২২ | ৫০.০০ | ১.৩৭ | ২.৭৬ | ৬% |
| মার্চ ২০২৩ | ৫০.০০ | ০.৫৯ | ৩.৩৫ | ৭% |
| জুন ২০২৩ | ৫০.০০ | ০.৬৬ | ৪.০১ | ৮% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৫০.০০ | ০.৬৯ | ০.৬৯ | ১% |
| ডিসেম্বর ২০২৩ | ৫০.০০ | ০.৭০ | ১.৩৯ | ৩% |
| মার্চ ২০২৪ | ৫০.০০ | ০.৪৭ | ১.৮৬ | ৪% |
| জুন ২০২৪ | ৫০.০০ | ০.৭৩ | ২.৫৯ | ৫% |




২০২৩-২০২৪ অর্থবছরের অবলোপনকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৫০.০০ কোটি টাকা । জুন ২০২৪ ত্রৈমাসে অর্জন ০.৭৩ কোটি টাকাসহ জুন ২০২৪ শেষে পুঞ্জিভুত অর্জন ২.৫৯ কোটি টাকা এবং অর্জনের হার ৫%। জুন ২০২৪ ত্রৈমাসিকের অর্জন গত ত্রৈমাস অপেক্ষা ০.২৬ কোটি টাকা বেশি।

১২। ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর ঃ (কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ৭৫৬.৬৫ | ৫৩.৩৭ | ৫৩.৩৭ | ৭% |
| ডিসেম্বর ২০২২ | ৭৫৬.৬৫ | ১০১.১৭ | ১৫৪.৫৪ | ২০% |
| মার্চ ২০২৩ | ৭৫৬.৬৫ | ৬৯.৩৯ | ২২৩.৯৩ | ৩০% |
| জুন ২০২৩ | ৭৫৬.৬৫ | ৯৯.০২ | ৩২২.৯৫ | ৪৩% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৮০০.০০ | ৭৭.৩৫ | ৭৭.৩৫ | ১০% |
| ডিসেম্বর ২০২৩ | ৮০০.০০ | ১৩৩.৫১ | ২১০.৮৬ | ২৬% |
| মার্চ ২০২৪ | ৮০০.০০ | ৬৭.৩১ | ২৭৮.১৭ | ৩৫% |
| জুন ২০২৪ | ৮০০.০০ | ১৩৩.৩৯ | ৪১১.৫৬ | ৫১% |




২০২৩-২০২৪ অর্থবছরের ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তরের লক্ষ্যমাত্রা ৮০০.০০ কোটি টাকা। জুন ২০২৪ ত্রৈমাসে অর্জন ১৩৩.৩৯ কোটি টাকাসহ জুন ২০২৪ শেষে পুঞ্জিভুত অর্জন ৪১১.৫৬ কোটি টাকা এবং অর্জনের হার ৫১%। জুন ২০২৪ ত্রৈমাসিকের অর্জন গত ত্রৈমাস অপেক্ষা ৬৬.০৮ কোটি টাকা বেশি।

১৩। পুনঃতফশিলকৃত ঋণ আদায় ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২২ | ৩৫০০.০০ | ১৯০.৯৭ | ১৯০.৯৭ | ৫% |
| ডিসেম্বর ২০২২ | ৩৫০০.০০ | ৪৫৩.১৬ | ৬৪৪.১৩ | ১৮% |
| মার্চ ২০২৩ | ৩৫০০.০০ | ৪৪৫.৯৯ | ১০৯০.১২ | ৩১% |
| জুন ২০২৩ | ৩৫০০.০০ | ৫৩৭.৪৯ | ১৬২৭.৬১ | ৪৭% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৪০৭২.৪৫ | ৩১৪.৮৭ | ৩১৪.৮৭ | ৮% |
| ডিসেম্বর ২০২৩ | ৪০৭২.৪৫ | ৬৩১.৩৩ | ৯৪৬.২০ | ২৩% |
| মার্চ ২০২৪ | ৪০৭২.৪৫ | ৩৭৮.০৯ | ১৩২৪.২৯ | ৩৩% |
| জুন ২০২৪ | ৪০৭২.৪৫ | ৭১৯.৯৭ | ২০৪৪.২৬ | ৫০% |




২০২৩-২০২৪ অর্থবছরে পুনঃতফশিলকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৪০৭২.৪৫ কোটি টাকা। জুন ২০২৪ ত্রৈমাসে অর্জন ৭১৯.৯৭ কোটি টাকাসহ জুন ২০২৪ শেষে পুঞ্জিভুত অর্জন ২০৪৪.২৬ কোটি টাকা এবং অর্জনের হার ৫০%। জুন ২০২৪ ত্রৈমাসিকের অর্জন গত ত্রৈমাস অপেক্ষা ৩৪১.৮৮ কোটি টাকা বেশি।

১৪। অন্যান্য ঃ

ব্যাংকের অন্যান্য ব্যবসায়িক লক্ষ্যমাত্রার মধ্যে রয়েছে ৪% আমদানি বিকল্প ঋণ এবং Anciliary Business থেকে আয়। ২০২৩-২০২৪ অর্থবছরে ৪% আমদানি বিকল্প ঋণের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা ১১০.০০ কোটি টাকা এবং জুন ২০২৪ ত্রৈমাসে অর্জন ১৪.৫২ কোটি টাকাসহ জুন ২০২৪ শেষে পুঞ্জিভুত অর্জন ৪৩.৪৮ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার ৪০%। ২০২৩-২০২৪ অর্থবছরে Anciliary Business থেকে আয়ের লক্ষ্যমাত্রা ২০০.০০ কোটি টাকার বিপরীতে জুন ২০২৪ ত্রৈমাসে শেষে পুঞ্জিভুত অর্জন ১১১.৭৪ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার ৫৬%।

গবেষনা ও পরিসংখ্যান বিভাগ কর্তৃক সম্পাদিত




১১তম জাতীয় ক্ষুদ্র ও মাঝারি শিল্পপণ্য মেলা ২০২৪ এ বাংলাদেশ কৃষি ব্যাংক এর অংশগ্রহণ



বৈদেশিক রেমিট্যান্স আহরণকারী শীর্ষ শাখার ব্যবস্থাপক ও রেমিট্যান্স কর্মকর্তাগণকে পুরস্কার ও সার্টিফিকেট প্রদান



ময়মনসিংহ বিভাগে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা নিয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে মতবিনিময় সভা



বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ আয়োজিত কর্মকর্তাগণের বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান



বাংলাদেশ কৃষি ব্যাংক ও খাদ্য অধিদপ্তরের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান



ঢাকা বিভাগের লোকসানী শাখাসমূহের ব্যবস্থাপকগণের সাথে মতবিনিময় সভা

# বাংলাদেশ কৃষি ব্যাংক

গণমানুষের ব্যাংক

## রাষ্ট্র মালিকানাধীন সর্ববৃহৎ বিশেষায়িত ব্যাংক

বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রতিশ্রুত সেবাসমূহ -

০১। আমানত সংগ্রহ ঃ সঞ্চয়ী, চলতি, এসএনডি, স্কুল ব্যাংকিংসহ, বিভিন্ন স্কীম হিসাব ও সঞ্চয় প্রকল্প, স্থায়ী আমানত (এফডিআর), এফআইডি এর আওতায় আমানত, কৃষক আমানত ইত্যাদি হিসাবে আমানত গ্রহণ করা হয় ।

০২। রেমিট্যান্স/ অর্থ স্থানান্তর ঃ প্রবাসীদের বাংলাদেশে অর্থ প্রেরণ, ইনওয়ার্ড ফরেন রেমিট্যান্স, আউটওয়ার্ড ফরেন রেমিট্যান্স ইত্যাদি ।

০৩। ব্যাংক গ্যারান্টি ঃ চাহিদা মোতাবেক বিভিন্ন মানের ব্যাংক গ্যারান্টি ইস্যু করা হয় ।

০৪। লকার সুবিধা ঃ কয়েকটি জেলা শহরে নির্বাচিত বিকেবি শাখায় লকার সুবিধা রয়েছে ।

০৫। বৈদেশিক বিনিময় বাণিজ্য ঃ আমদানি ও রপ্তানিকারকদের এলসি/ ব্যাক টু ব্যাক এলসি খোলা, এডি শাখার মাধ্যমে বৈদেশিক মুদ্রার ক্রয়/বিক্রয়, পাসপোর্ট এন্ডোর্সমেন্ট ।

০৬। তথ্য প্রযুক্তির আওতায় সেবা ঃ চার্জ ফ্রি অনলাইন ব্যাংকিং, ওয়ান স্টপ সার্ভিস, এটিএম/পস মেশিন সার্ভিস, BACH, EFTN, RTGS, SWIFT, এসএমএস ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিং, অনলাইন সিআইবি, অটোমেটেড আইআরএস ।

০৭। ঋণ কার্যক্রম ঃ বিভিন্ন মেয়াদি কৃষিঋণ ( শস্য, মৎস্য, প্রাণিসম্পদ, সেচ ও খামার যন্ত্রপাতি, দারিদ্র্য বিমোচন, শস্য গুদাম ও বাজারজাতকরণ, কৃষি ঋণের আওতায় চলমান ঋণ)। অকৃষি ঋণ ঃ এসএমই, চলতি মূলধন, গ্রিন ব্যাংকিংয়ের আওতায় ঋণ, কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প, রপ্তানি ঋণ, মেয়াদি আমানত ও বিভিন্ন স্কীমের বিপরীতে ঋণ ।

০৮। ক্রেডিট কার্ড ও পার্সোনাল লোন সুবিধা।

০৯। সরকারের পক্ষে প্রদত্ত সেবাসমূহ ঃ পেনশন ও ভাতা প্রদান, ই-চালান, শিক্ষা উপবৃত্তি, ইউটিলিটি বিল গ্রহণ, প্রাইজ বন্ড ও লটারি টিকেট বিক্রয়, ভ্যাট ও উৎসে কর আদায় ইত্যাদি।

গবেষণা ও পরিসংখ্যান বিভাগ কর্তৃক সম্পাদিত